ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



কেন ক্লান্ত প্রিয়াঙ্কা? পৃঃ ৫



অনুশীলন শুরু করেছেন নেইমার, মাঠে ফিরবেন কবে? পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২০৮ ● কলকাতা ● ১৫ শ্রাবণ, ১৪৩১ ● বুধবার ● ৩১ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## মুখ্যমন্ত্রী সঙ্গে নবান্নে বৈঠক কুমার মঙ্গলম বিড়লার



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : মঙ্গলবার নবান্নে মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠক করলেন কুমার মঙ্গলম বিড়লা। এক্স হ্যান্ডেলে সেই বৈঠকের ছবি পোস্ট করেছেন খোদ মুখ্যমন্ত্রী। এই বৈঠকের পর রাজ্যে বিনিয়োগে আশা আরও বাড়ছে। এই পোস্টে জানা গেছে যে এদিন দুপুরে আদিত্য বিড়লা গ্রুপের চেয়ারম্যান কুমার মঙ্গলম বিড়লা নবান্নে এসেছিলেন। তবে বাংলায় বাণিজ্যের সুযোগ এবং রাজ্যে তাদের বিনিয়োগ নিয়ে আলোচনা হয়েছে। বাংলায় ইতিমধ্যে তাদের (বিড়লা গ্রুপ) ৫ হাজার কোটি টাকার বিনিয়োগ রয়েছে। সিমেন্ট ও রং তৈরির ক্ষেত্রে বিনিয়োগ করা হয়েছে। এদিন আরও জানিয়েছেন, বিড়লা গ্রুপ বাংলায় বিশ্বমানের শিক্ষা প্রতিষ্ঠান তৈরির পরিকল্পনা করছে। আরও বিভিন্ন ক্ষেত্রে তারা বিনিয়োগের পরিকল্পনা করছে। মমতা লেখেন, 'আমরা এ নিয়ে আলোচনা করেছি। তাঁকে জানিয়েছি, আমরা সবক্ষেত্রে সহযোগিতা করবো।' রাজ্যে আগেই রং কারখানা গড়ে তোলার জন্য আগ্রহ প্রকাশ করেছে আদিত্য বিড়লা শিল্পগোষ্ঠী। খড়গপুরে প্রায় ৮০ একর জমিতে হচ্ছে কারখানাটি। বিনিয়োগ হবে আনুমানিক এক হাজার কোটি টাকা। সূত্রের খবর, এই কারখানায় উৎপাদন শুরু হলে সরাসরি কর্মসংস্থান হবে ৬০০ জনের। ফলে রাজ্যে কাজের পরিবেশ আরও সুগম হবে। এর মধ্যেই ফের রাজ্যের প্রশাসনিক প্রধানের সঙ্গে বৈঠক করলেন শিল্পপতি কুমার মঙ্গলম বিড়লা।

## দোষীরা আজো সাজা পেল না আক্ষেপ মায়ের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ২০২৩ সালের ৯ই আগস্ট কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের হোস্টেলের বারান্দা থেকে পড়ে মৃত্যু হয়েছিল নদীয়ার বগুলার বাসিন্দা ইঞ্জিনিয়ারিং এর ছাত্র স্বপ্নদীপ কুন্ডুর। সোমবার তিথি মতে স্বপ্নদ্বীপের বাৎসরিক কাজ সম্পন্ন করলেন তার পরিবার। আর সেই ঘটনার প্রায় এক বছর পরও স্বপ্নদ্বীপের মৃত্যুর জন্য দায়ী দোষীদের এখনো সাজা না হওয়া নিয়ে সোমবার আক্ষেপ করলেন স্বপ্নদীপ এর মা। প্রসঙ্গত গত বছর ৯ই আগস্ট রাতে যাদবপুর বিশ্ব বিদ্যালয়ের হোস্টেলের বারান্দা থেকে পড়ে গিয়ে মৃত্যু হয় স্বপ্নদ্বীপের। অভিযোগ ওঠে রাগিং এর শিকার হয়েছিলেন ওই ছাত্র। আর এই ঘটনা নিয়ে তখন তোলপাড় হয়েছিল রাজ্য। আর সেই ঘটনার পর অভিযুক্তরা গ্রেফতার হলেও প্রায় এক বছর কেটে গেলেও এখনো সাজা পাননি তারা। সোমবার ছিল তিথি মতে স্বপ্নদীপ এর বাৎসরিক কাজ। স্বপ্নদ্বীপের মা এবং বাবা আইনের ওপর সম্পুর্ন আস্থা রেখে দোষীদের কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করলেন।

## ধর্মের নামে ভোট চাওয়া নিয়ে এবার মোদিকে পালটা দিলেন বিহারের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী





**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : ফের ট্রেন দুর্ঘটনা, গত ২ মাসে ৩ বার ট্রেন দুর্ঘটনা। দুর্ঘটনাগ্রস্ত হাওড়া থেকে মুম্বইমুখী এক্সপ্রেস ট্রেন । ঝাড়খণ্ডের চক্রধরপুরে বেলাইন হাওড়া-সিএসএমটি এক্সপ্রেস। রাজাখারসওয়ান ও বরাবাম্বু রেল স্টেশনের মধ্যে দুর্ঘটনা। দুর্ঘটনায় ৫ থেকে ৬ জন আহত হয়েছেন বলে খবর। চক্রধরপুর থেকে রিলিফ ট্রেন রওনা দিয়েছে। এলাকায় পৌঁছে উদ্ধারকাজ শুরু করেছে রেলের টিম। দুর্ঘটনায় মৃত ২, আহত ২০। সূত্রের খবর, আগে বেলাইন হওয়া একটি মালগাড়ির কয়েকটি বগি রেললাইনের ওপরে পড়ে ছিল। ওই বগিগুলির সঙ্গে ধাক্কা লেগেই মুম্বইগামী হাওড়া-CSMT এক্সপ্রেস লাইনচ্যুত হয়।হাওড়া স্টেশনে খোলা হয়েছে হেল্প ডেস্ক। নম্বর দুটি হল- ০৩৩-২৬৩৮২২১৭ এবং ৯৪৩৩৩-৫৭৯২০.দুর্ঘটনার তীব্রতা এতটাই ছিল যে ১৮টি কামরা লাইনচ্যুত হয়ে যায়। প্রাথমিকভাবে স্থানীয়রাই উদ্ধারকাজে এগিয়ে আসে। ঠিক কী কারণে এই দুর্ঘটনা ঘটল তা দ্রুত খতিয়ে দেখা হচ্ছে। ট্রেনের যাত্রীদের ওই ঘটনাস্থল থেকে সরিয়ে নিরাপদ স্থানে নিয়ে যাওয়ার কাজও শুরু হয়েছে। ইতিমধ্যেই ঘটনাস্থলে

এরপর ৩ পাতায়




পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ ◻ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪-এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com -এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

## আরামবাগের করুনা সিনেমা হলে
# ভয়াবহ অগ্নিকাণ্ড !



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হুগলি মঙ্গলবার আরামবাগের করুনা সিনেমা হলে আগুন লেগে যাওয়া এলাকায় ব্যাপকভাবে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায় যে সম্ভাবত এসি থেকে এই আগুন লাগে বলে জানা যায়। এই খবর পেয়ে দ্রুত করুণা সিনেমা হলে ম্যানেজার ফায়ার ব্রিগেড অফিসে খবর দেওয়া হয়। ফায়ার অফিস দ্রুত এসে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। এখনও পর্যন্ত পুরোপুরি ভাবে আগুন নিয়ন্ত্রণের মধ্যেই চলে এসেছে। ক্ষয়ক্ষতি কিছু হয়নি বা কোন ব্যক্তিও ক্ষতিগ্রস্ত হয়নি। আগুন লাগার ফলে হল ঘরেতে ধোঁয়াই সৃষ্টি হয়। এরফলে গোটা হল ঘর ধোঁয়ায় পরিপূর্ণ হয়ে যায়। কিছু জিনিস পুড়ে ছাই হয়ে গেছে। কিন্তু অতি দ্রুত দমকল বাহিনী আসায় জল দিয়ে সমস্ত কিছুই নিভিয়ে দেয়। করুন সিনেমা হলের ম্যানেজার শ্যামল বলেন যে এসি থেকেই এই বিপত্তি ঘটেছে। আমরা অতি দ্রুত দমকল বাহিনীকে কল করি উনারা অতি দ্রুত এসে আগুন নিয়ন্ত্রনে আনার চেষ্টা করে। এবং এখন স্বাভাবিক পরিস্থিতিতেই আছে।

## পাড়ার ঢালাই রাস্তা তৈরিকে কেন্দ্র করে
# তৃণমূল নেতার সামনে মারধর বাবা ও মেয়েকে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাড়ার ঢালাই রাস্তা তৈরিকে কেন্দ্র করে উত্তেজনা। তৃণমূল নেতা-নেত্রীদের উপস্থিতিতে বাবা ও মেয়েকে রাস্তায় ফেলে বেধড়ক মারধরের অভিযোগ। সামনে এসেছে ভিডিয়ো। তাতেই শোরগোল পড়ে গিয়েছে জেলার রাজনৈতিক মহলে। অস্বস্তি বাড়ছে শাসকদলের।

এরপর ৩ পাতায়

# কেরালায় ভূমিধসে নিহত বেড়ে ১০৬, আহত শতাধিক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের কেরালার ওয়েনাদ জেলায় ভয়াবহ ভূমিধসের কারণে মৃতের সংখ্যা বেড়ে ১০৬ জনে দাঁড়িয়েছে। আহত প্রায় ১২৮ জন মানুষ। প্রশাসন সূত্রে খবর এখনো বিভিন্ন জায়গায় আটকে রয়েছে আরো প্রায় শতাধিক মানুষ। আজ মঙ্গলবার সকালে অবিরাম বর্ষণের কারণে ওয়েনাদ জেলার পার্বত্য এলাকা মেপ্পাদিতে এই ভয়াবহ ভূমিধসের ঘটনা ঘটে। জানা গেছে মাত্র চার ঘণ্টার মধ্যে তিন-তিনটি ভূমিধসের ঘটনা ঘটেছে। আর তাতেই এই হতাহতের ঘটনা ঘটেছে। ঘটনার পর দুর্গত মানুষদের উদ্ধার কাজে সহায়তা করার জন্য জাতীয় দুর্যোগ মোকাবিলা বাহিনী, রাজ্যের দুর্যোগ মোকাবিলা বাহিনী, রাজ্য পুলিশের পাশাপাশি মোতায়ন করা হয়েছে সেনাবাহিনীকেও। একটানা বৃষ্টিতে ওয়েনাদ জেলার সবচেয়ে ক্ষতিগ্রস্ত মুনডাক্কি, চুরালমালা, আত্মামালা এবং নুলপুঝা গ্রাম। কার্যত ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। উপরে পড়েছে একাধিক গাছ, বিদ্যুতের খুঁটি। ক্ষতিগ্রস্ত একাধিক ঘরবাড়ি, চা বাগান। পানি তোড়ে ভেসে গেছে গাড়িও। অবিরাম বর্ষণের কারণে ব্যাহত হচ্ছে উদ্ধার কাজ। ধ্বংসস্তূপের তলায় আটকে পড়া মানুষদের খোঁজে পুলিশ কুকুর দিয়ে চালানো হচ্ছে তল্লাশি অভিযান। একটানা বর্ষণের কারণে স্থানীয় চালিয়ার নদীতে পানির তোড়ে একাধিক মানুষ ভেসে গেছে বলে আশঙ্কা প্রকাশ করা হচেছ। ভারতীয় সেনাবাহিনীর তরফে একটি বিবৃতি দিয়ে বলা হয়েছে ইতিমধ্যেই ২২৫ জন জওয়ানকে উদ্ধারকাজে লাগানো হয়েছে। সেই সাথে সেনাবাহিনীর মেডিকেল টিম, বিমান বাহিনীর দুটি হেলিকপ্টার (এমআই-১৭ এবং এএলএইচ) কেও কাজে লাগানো হয়েছে। এদিকে মঙ্গলবারই ভারতীয় আবহাওয়া বিভাগ কেরালার উত্তরাঞ্চলের জেলাগুলিতে লাল সর্তকতা জারি করেছে। আজ মঙ্গলবার জেলার কাসারাগড়, কান্নুর, ওয়েনাড, কোঝিকোড়, মালাপুরাম এলাকায় ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। স্থানীয় মানুষ এবং পর্যটকদেরও অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে আবহাওয়া দপ্তর থেকে।

## এখন মমতা সরকারের নজরে
# সোশ্যাল মিডিয়ার য়োদ্ধারা




**জগদীশ য়াদব : কলকাতা: নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গের মমতা সরকার শিল্পের চাহিদাগুলি মূল্যায়ন করার পরে সংখ্যালঘু যুবকদের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের জন্য সংখ্যালঘু বৃত্তিমূলক উন্নয়ন বোর্ড গঠন করেছে। এমন পরিস্থিতিতে, সোশ্যাল মিডিয়ার ক্রমবর্ধমান প্রবণতা এবং পদক্ষেপের অধীনে পশ্চিমবঙ্গ সরকারের এমএ এবং এমই বিভাগের অধীনে সংখ্যালঘু ভোকেশনাল বোর্ড দ্বারা প্রশিক্ষণের আয়োজন করা হবে। পশ্চিমবঙ্গের সংখ্যালঘু ভোকেশনাল বোর্ডের চেয়ারম্যান সাবির সিদ্ধার্থ গাফফার এ তথ্য জানিয়েছেন। আজ সল্টলেকে এক বৈঠকের আয়োজন করা হয় যেখানে ন্যাশনাল মিডিয়া কাউন্সিলের চেয়ারম্যান পারভেজ হাশমি, ডেপুটি চেয়ারম্যান মুস্তাফিজ হাশমি, যুগ্ম সচিব মো. জহির ও কোষাধ্যক্ষ সরফরাজ আহমেদ উপস্থিত ছিলেন। উল্লিখিত ব্যক্তিরা জানান, উপরোক্ত প্রশিক্ষণের মাধ্যমে ইউটিউবারদের স্বনির্ভর করা হবে যাতে তারা তাদের ক্ষেত্রে আরও ভাল কাজ করতে পারে। যাই হোক কিন্তু, এখন যারা সোশ্যাল মিডিয়াকে কর্মসংস্থানের মাধ্যম করে তুলছে তাদের দিকে নজর রাখছে মমতা সরকার। শিখ, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন এবং পার্সি সম্প্রদায়ও এই রাজ্যে সংখ্যালঘু। কেন্দ্রীয় সরকার জাতীয় সংখ্যালঘু কমিশন আইন, ১৯৯২ এর অধীনে জাতীয় সংখ্যালঘু কমিশন প্রতিষ্ঠা করেছে। পাঁচটি সম্প্রদায়, যেমন, মুসলিম, খ্রিস্টান, শিখ বৌদ্ধ এবং পার্সিকে সংখ্যালঘু সম্প্রদায় হিসাবে ঘোষণা করা হয়েছিল। পরবর্তীকালে, ২৭ জানুয়ারী, ২০১৪-এ কেন্দ্রীয় সরকারের বিজ্ঞপ্তির অধীনে, জৈন সম্প্রদায়কেও সংখ্যালঘু সম্প্রদায় হিসাবে ঘোষণা করা হয়েছে।

## গরু পাচার মামলায় গ্রেপ্তার হওয়া তৃণমূল নেতা
# অনুব্রত মণ্ডল অবশেষে জামিন পেলেন



**বেবি চক্রবর্ত্তী: বীরভূম: নিউজ সারাদিন :** দীর্ঘদিন গরু পাচার মামলায় নাম জড়িয়ে ছিল অনুব্রত মণ্ডলের। সেই ঘটনার তদন্তে নেমে ২০২২ সালের অগস্টে বীরভূমের নিজ বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছিল অনুব্রত মণ্ডলকে। প্রচুর কেন্দ্রীয় বাহিনী নিয়ে সিবিআইয়ের একটি দল গিয়ে অনুব্রত মণ্ডলকে বাড়ি থেকে গ্রেফতার করেছিল। তা নিয়ে শুরু হয়েছিল রাজনৈতিক তরজা। সেই গরুপাচার মামলায় জামিন পেলেন অনুব্রত, তবে এখনই জেলমুক্তি পাচ্ছেন না তৃণমূল নেতা। অবশেষে জামিন পেলেন তৃণমূল নেতা। তাঁর জামিনের মামলা চলছিল সুপ্রিম কোর্টে। সেই সংক্রান্ত মামলায় মঙ্গলবার অনুব্রত মণ্ডলের জামিন মঞ্জুর করেছে শীর্ষ আদালত। তবে জামিন পেলেও এখনই জেল থেকে মুক্তি পাচ্ছেন না অনুব্রত মণ্ডল।

## বাসুল ডাঙ্গা রেলগেট বাজার এলাকায় রাস্তায় খালা খন্ডে জমছে বৃষ্টির জল,
# দুর্ভোগে এলাকার কয়েক হাজার পথ চলতি মানুষ ও স্কুল কলেজ পড়ুয়া

**বাইজিদ মণ্ডল, ডায়মন্ড হারবার: নিউজ সারাদিন :** অল্প বৃষ্টিতেই ডায়মন্ড হারবার ১ নম্বর ব্লকে বাসুল ডাঙ্গা অঞ্চল এর গুরুত্বপূর্ণ রাস্তা খালা খন্ডে জমছে জল এর ফলে দুর্ভোগ পোহাতে হচ্ছে স্কুল পড়ুয়া থেকে শুরু করে স্থানীয় পথ চলতি মানুষ ও ছোট ছোট গাড়ি। স্থানীয় পথ চলতি মানুষদের অভিযোগ অল্প বৃষ্টি হলেই বাসুল ডাঙ্গা রেলগেট বাজার এর দুই পাশে রাস্তায় খালা খন্ডে ভরা তাতে জল জমে, সাধারণ মানুষের হেঁটে যেতে খুব সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। এই জল বৃষ্টি কমে গেলেও বহুদিন ধরে জমে থাকছে। কখনোই জল থেকে পচে দুর্গন্ধ বের হচ্ছে দুর্ভোগের শিকার হচ্ছে ,মুখে কাপড় চাপা দিয়ে হাটু পর্যন্ত কাপড় তুলে এই সমস্ত জায়গা পার হচ্ছেন নিত্যযাত্রী থেকে শুরু করে স্কুল কলেজ ও অসুস্থ রোগীরাও। পাশাপাশি বাসুল ডাঙ্গা রেলগেট থেকে পঞ্চগ্রাম হাসপাতাল মোড় পর্যন্ত ১ কিলোমিটার গামির বেশি এই গুরুত্বপূর্ণ সড়কে বিভিন্ন জায়গায় খালা খন্ডে ভরা তাতে জল জমে যাচ্ছে।এলাকার পথ চলতি মানুষ তারা জানান এ গুরুত্বপূর্ণ রাস্তায় অল্প বৃষ্টি হলেই জল জমা হয়ে থাকছে। যে সমস্ত জায়গায় খালা খন্ডে জল জমা হয়ে থাকে সেগুলি থেকে জল নিকাশি নালা আসতে পারে না, এই দুই সমস্যার কারণে এলাকার পথ চলতি মানুষদের মধ্যে দুর্ভোগ বাড়ছে। নোংরা জল ডিঙিয়ে স্থানীয় পথ চলতি মানুষ তাদের চলাচল করতে হচ্ছে। অবিলম্বে প্রশাসনকে এ ব্যাপারে নজরদারি চালানো উচিত। এলাকার বাসিন্দার আরো জানালেন বাসুল ডাঙ্গা থেকে পঞ্চগ্রাম হাসপাতাল গামী রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাস্তার আশে পাশে বেশ কয়েকটি সরকারি ও বেসরকারি স্কুল রয়েছে। রাস্তার উপর দিয়ে চাঁদা,কবিরা, পঞ্চগ্রাম, সিংবেরিয়া সহ প্রায় আট টি গ্রামের মানুষ ও কয়েক হাজার ছাত্রছাত্রীসহ সাধারণ মানুষ অসুস্থ রোগী যাওয়া-আসা করে। অল্প বৃষ্টিতেই রাস্তাগুলোর বিভিন্ন জায়গায় খালা খন্ডে জল জমে থাকছে। বৃষ্টি কমে গেলও জল সহজে নামছে না,পথচলতি মানুষরা দুর্ভোগের শিকার হচ্ছেন। প্রশাসন কে জানানো হলেও কিন্তু এখনও এই সমস্যার কোনো সমাধান হয়নি। এই বর্ষার শুরুতে যদি সমস্যার সমাধান না হলে দুর্ভোগ বাড়বে এলাকার পথ চলতি সকল মানুষদের।









## ডাকাতি'র পর্দা

# ফাঁস করে পুলিশ

**বারুইপুর: নিউজ সারাদিন :** তিল তিল করে টাকা সঞ্চয় করেছিলেন কাকা। ক্যানিং বাজারের সেলুনে দোকান চালিয়ে আয়ের টাকা বাড়িতেই রাখতেন তিনি। স্বামীর ঘর ছেড়ে কাকার বাড়িতে থাকা ভাইঝি তা দেখেছিলেন। বছর তিনের ধরে সেই বাড়িতে থাকার সুবাদে কাকা কোথায় কত টাকা রাখতেন সবটাই ছিল তাঁর নখদর্পণে।সেখানেই স্বামীকে ছেড়েওবয়ফ্রেন্ডে সঙ্গে ঘর ভাড়া নিয়ে থাকেন রেখার মা সারথি প্রামাণিক। রেখার মায়ের 'বয়ফ্রেন্ড' নাম বাপি মোল্লা। তিনি আলমারির তালা ভেঙে টাকা চুরি করেন বলে অনুমান পুলিশের। বাপির বিরুদ্ধে আগেও পুলিশের কাছে একাধিক অভিযোগ ছিল। ঘটকপুকুরে বাড়ি থেকেই উদ্ধার করা হয়েছে বাড়ি থেকে খোয়া যাওয়া ১০ লক্ষ ৫৮ হাজার টাকা। এবং ড্রিল মেশিন-সহ অন্যান্য জিনিসপত্র। গ্রেপ্তার করা হয়েছে মা সারথি প্রামাণিক, মেয়ে রেখা প্রামানিক ও মায়ের 'বয়ফ্রেন্ড' বাপি মোল্লাকে।ঘরে কেউ না থাকার সুযোগে মায়ের 'বয়ফ্রেন্ড'কে নিয়ে এসে চুরি করেন লক্ষাধিক টাকা। বিষয়টি ধামাচাপা দিতে মিথ্যা ডাকাতির গল্প সাজান। তবে তাঁকে আটক করে 'ডাকাতি'র পর্দা ফাঁস করে পুলিশ।

ক্যানিং বাজারে সেলুন রয়েছে বিমল প্রামাণিকের। তিনি ক্যানিং থানার এক নম্বর দিঘীরপাড় এলাকার বাসিন্দা। সোমবার সন্ধ্যায় দোকানে থাকাকালীন তাঁর কাছে খবর আসে ভাইজি রেখা প্রামানিককে বেঁধে আলমারি ভেঙে ১০ লক্ষ ৫৮ হাজার টাকা নিয়ে পালিয়েছে। ডাকাতির পর ক্যানিং থানার অভিযোগ দায়ের করা হয়। অভিযোগ পেয়ে ঘটনার তদন্তে নামে পুলিশ।তদন্তে পুলিশ জানতে পারে, প্রতিদিন সন্ধ্যায় বিমলবাবু বাড়িতে না থাকলেও তাঁর মা এবং ভাইজি রেখা বাড়িতে থাকতেন। কিন্তু ডাকাতির সময় বিমলবাবুর মা পাশের মন্দিরে গিয়েছিলেন। বাড়িতে একাই ছিলেন অভিযুক্ত রেখা। তাঁর মুখে ঘটনার বিবরণ শুনে একাধিক অসঙ্গতি পায় পুলিশ। রেখাকে থানায় নিয়ে এসে জেরা শুরু করেন তদন্তকারীরা। প্রথমে তদন্তকারীদের বিপথে চালনা করছিলেন রেখা। তবে লাগাতার পুলিশি জেরায় ভেঙে পড়ে ডাকাতির কথা স্বীকার করে নেন তিনি।

পুলিশকে রেখা জানান, বাড়িতে কেউ না থাকার সুযোগে তাঁর মা এবং মায়ের বয়ফ্রেন্ডকে ডেকে চুরি করিয়েছেন তিনি। তা ধামাচাপা দিতে ডাকাতির মিথ্যা ঘটনা সাজান তাঁরা। জমি কেনার জন্য তাঁরা এই টাকা চুরি করেছেন বলে জানিয়েছেন। এর পরই রেখার কথা মতো ক্যানিং থানার আইসি সৌগত ঘোষের নেতৃত্বে ভাঙরে ঘটকপুকুর এলাকায় একটি বাড়িতে তল্লাশি চালানো হয়।

# শেখ শাহজাহান আয়কর রিটার্ন জমা করতে চান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালি কাণ্ডে দীর্ঘদিন ধরে জেলবন্দি শেখ শাহজাহান । এক সময় যিনি সন্দেশখালি দাপিয়ে বেড়াতেন বর্তমানে তাঁর দিন কাটছে জেলের চার দেওয়ালের ভেতর। এবার সেই শাহজাহানই আদালতের কাছে 'বিশেষ' আর্জি জানালেন! জেলবন্দি অবস্থায় কী আবেদন করলেন তিনি?উল্লেখ্য, সন্দেশখালির বুকে জমি দখল সম্বন্ধিত মামলায় শাহজাহানের বিরুদ্ধে তদন্ত করছে ইডি। এর আগে কেন্দ্রীয় এজেন্সির তরফ থেকে দাবি করা হয়, সাধারণ মানুষকে ভয় দেখিয়ে জমি দখল করতেন বহিষ্কৃত এই তৃণমূল নেতা। শুধু তাই নয়, জমি দখল করে শাহজাহান প্রায় ২৬০ কোটি টাকার সম্পত্তিও বানিয়েছিলেন বলে দাবি তদন্তকারী সংস্থার। মঙ্গলবার ব্যাঙ্কশাল কোর্টে শাহজাহানের আইনজীবী বিপ্লব গোস্বামী বলেন, তাঁর মক্কেল আয়কর রিটার্ন জমা করতে চান। কিন্তু কেন্দ্রীয় এজেন্সি ইডি তাঁর অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করে রাখায় তিনি সেটা করতে পারছেন না। ব্যাঙ্ক কর্তৃপক্ষ স্টেটমেন্টও দিচ্ছেন না। আদালতের তরফ থেকে যাতে এই স্টেটমেন্ট দেওয়ার নির্দেশ দেওয়া হয়, এদিন সেই আর্জি জানান সন্দেশখালির 'বাঘে'র আইনজীবী।

শুধু তাই নয়, ইডির কাছে আটক নিজের গাড়ি ফেরত পাওয়ার আবেদনও জানিয়েছেন সন্দেশখালি কাণ্ডের অভিযুক্ত। কেন্দ্রীয় এজেন্সির তরফ থেকে তাঁর একটি গাড়ি আটক করা হয়েছিল। মঙ্গলবার সেই গাড়ি ফেরতের আর্জি জানান শাহজাহানের আইনজীবী। তবে বিচারক প্রশান্ত মুখোপাধ্যায় এদিন এই নিয়ে কোনও রকম নির্দেশ দেননি।ব্যাঙ্কশাল আদালতের বিচারপতি মৌখিকভাবে জানিয়েছেন, শাহজাহান যদি চান, তাহলে ইডির কাছে আবেদন করতে পারেন। কেন্দ্রীয় এজেন্সির মনে হলে গাড়িটি ফেরত দিয়ে দেবে। তবে আদালতের তরফ থেকে এই নিয়ে কোনও প্রকার নির্দেশ দেওয়া হয়নি। ব্যাঙ্কশাল কোর্টে সন্দেশখালি মামলার পরবর্তী শুনানি রয়েছে আগামী ২২ আগস্ট।

## হকার উচ্ছেদের বিরুদ্ধে বিজেপির বিক্ষোভ উত্তাল চুঁচুড়া পৌরসভা



**চুঁচুড়া: নিউজ সারাদিন :** রাজ্য জুড়ে সমস্ত ফুটপাত দখল মুক্ত করার নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তারপর থেকে রাজ্যের বিভিন্ন জায়গায় সরকার ও পৌরসভার পক্ষ থেকে ফুটপাত দখল মুক্তর কাজ শুরু হলেও। কিন্তু এখনো অবধি চুঁচুড়া পৌরসভার অন্তর্গত বিভিন্ন এলাকা দখল মুক্তোর কাজ শুরু হয়নি কেবলমাত্র শুধু মাইকিং এবং পোস্টারের মধ্য দিয়ে নির্দেশিকা জারি করা হয়েছে। পুনর্বাসন ছাড়া চুঁচুড়া পৌরসভার অন্তর্গত কোন এলাকায় কোন হকার বা দোকানদারকে উচ্ছেদ করা যাবে না ।এমনই দাবি জানিয়ে হুগলি চুঁচুড়া পৌরসভার গেটে বিক্ষোভ দেখাতে থাকেন জেলা বিজেপি যুব মোর্চার পক্ষ থেকে। এরপর জেলা সভাপতি তুষার মজুমদারের নেতৃত্বে একটি প্রতিনিধিদল চুঁচুড়া পৌরসভার পৌর প্রধান অমিত রায়ের কাছে একটি স্মারকলিপি প্রধান করেন এরপর পৌর প্রধান অমিত রায় জানান তাদের এই স্মারকলিপির উপর ভিত্তি করে বিবেচনা করে দেখা হবে আবার অন্যদিকে তৃণমূলের হুগলি জেলার সাংসদ রচনা ব্যানার্জি বলেন এই উচ্ছেদ হবে ,, তবে পুনর্বাসন ছাড়া কোন কিছুই সম্ভব নয় চুঁচুড়ার বিধায়কের উচিত মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে একবার আলোচনা করা যাদের হকার উচ্ছেদ করা হচ্ছে তাদের পুনর্বাসনের কথা কিভাবে চিন্তা করা হচ্ছে।




## বায়ুদূষণ নিয়ন্ত্রণে

# উদ্ভাবনী পদ্ধতি

**নয়াদিল্লি, ২৯ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** বায়ুদূষণ কমাতে বিভিন্ন নতুন প্রযুক্তি পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। এরমধ্যে এনইইআরআই-এর তৈরি বায়ু পরিশোধক ব্যবস্থাপনাকে দেশের বিভিন্ন রাস্তায় প্রয়োগ করা হচ্ছে। এছাড়া নির্মাণ ক্ষেত্র ও রাস্তার ধূলো নিয়ন্ত্রণে গৃহীত হচ্ছে নানা পদ্ধতির। মানব রচনা আন্তর্জাতিক, গবেষণা প্রতিষ্ঠান বাসের ছাদ পরিশোধন ব্যবস্থাপনা চালু করেছে। আইআইটিবোম্বে এবং টাটা প্রজেক্ট লিমিটেড তৈরি করেছে বায়ু শোধন ব্যবস্থাপনা। এই সবকিছুর মধ্যে ধুলো নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা অত্যন্ত সন্তোষজনক এসেছে এবং সেইমতো দিল্লি-এনসিআরএ এই ব্যবস্থাপনা গ্রহণের পরামর্শ দেওয়া হয়েছে। কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ২০০৯ সালে জাতীয়ভাবে বায়ুর গুণমান মানক চালু করে। ১৫টি স্থান থেকে দেশে বায়ু দূষণের ওপর পর্যবেক্ষণ চালানো হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবর্ষে বায়ুর গুণমান সম্পর্কে নজরদারির জন্য ৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। এরমধ্যে ২,৫২,৩৩,৭৪৮ টাকা ব্যয় করা হয়েছে। লোকসভায় এক প্রশ্নের লিখিত জবাবে এই তথ্য জানান, পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী কীর্তি বর্ধন সিং।

১-ম পাতার পর

# দুর্ঘটনাগ্রস্ত হাওড়া থেকে মুম্বইমুখী এক্সপ্রেস ট্রেন, মালগাড়ির সঙ্গে ধাক্কায় উল্টে গেল ১৮টি কামরা, মৃত ২

পৌঁছেছেন চক্রধরপুরের ডিসিএম। তিনি পরিস্থিতি পর্যালোচনা করছেন। হাওড়া মুম্বইয়ে যাতায়াতের অন্যতম লাইন এটি। সেখানে এমন দুর্ঘটনায় যাত্রাপথ স্তব্ধ হয়ে রয়েছে।কিছু দিন আগেই উত্তরপ্রদেশের গোন্ডায় লাইনচ্যুত হয়েছিল চণ্ডীগড় - ডিব্রুগড় এক্সপ্রেস। এই ঘটনায়, মৃত্যু হয়েছে ২জনের। আহত হয়েছেন অন্তত ৩০ জন। রেল সূত্রে বক্তব্য, ট্রেন লাইনচ্যুত হওয়ার ঠিক আগে বিস্ফোরণের আওয়াজ শুনতে পান লোকো পাইলট। ষড়যন্ত্র-তত্ত্বকে সামনে রেখেই উত্তরপ্রদেশের গোন্ডায় ট্রেন দুর্ঘটনার তদন্ত শুরু করল উত্তরপ্রদেশ ATS. এমনই খবর সূত্রের। গতকাল দুপুরে উত্তরপ্রদেশের গোন্ডায় লাইনচ্যুত হয় চণ্ডীগড়-ডিব্রুগড় এক্সপ্রেস। ১০টি কামরা লাইনচ্যুত হয়ে মৃত্যু হয় তিনজনের। আহত হন ৩৩ জন। গতকালই রেল সূত্রে দাবি করা হয়, ট্রেন লাইনচ্যুত হওয়ার ঠিক আগে বিস্ফোরণের আওয়াজ শুনতে পেয়েছিলেন লোকো পাইলট। একই অভিজ্ঞতার কথা জানান লাইনচ্যুত ট্রেনের একাধিক যাত্রী। সেইমতো ষড়যন্ত্রের সম্ভাবনাকে সামনে রেখেই তদন্ত শুরু করেছে উত্তরপ্রদেশ ATS.

## প্যারিস অলিম্পিকে ১০ মিটার এয়ার পিস্তল দলগত বিভাগে

# ব্রোঞ্জ পদক জয় মনু ভাকের ও সরবজোত সিং-এর




**নয়াদিল্লি, ৩০ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** দুই ভারতীয় শ্যুটার মনু ভাকের ও সরবজোত সিং নজরকাড়া পারফরম্যান্স দেখিয়ে প্যারিস অলিম্পিকে আজ ব্রোঞ্জ পদক জিতে নিয়েছেন। এরফলে এবারের অলিম্পিকে দুটি পদক জিতলো ভারত। ফাইনালে তাঁরা হারিয়েছেন কোরিয়া প্রজাতন্ত্রের প্রতিদ্বন্দ্বীকে। এবারের অলিম্পিকে এ নিয়ে দ্বিতীয় ব্রোঞ্জ পদক জিতে নিলেন মনু। ২০১৯ থেকে খেলো ইন্ডিয়া অ্যাথলিট হিসেবে ৪টি খেলো ইন্ডিয়া গেমসে অংশগ্রহণ করেছেন সরবজোত সিং। মনু ভাকেরও খেলো ইন্ডিয়া ক্রীড়ায় প্রাক্তন প্রতিদ্বন্দ্বী। যোগ্যতা নির্ণায়ক রাউন্ড: ১০ মিটার এয়ার পিস্তল মিক্সড-এর যোগ্যতা নির্ণায়ক পর্বে মনু ভাকের এবং সরবজোত সিং দুজনই দক্ষতার প্রমাণ দেন। দুজনের মিলিত স্কোর দাঁড়ায় ৫৮০। উল্লেখযোগ্য সরকারি সহায়তা : সরবজোত সিং

প্যারিস অলিম্পিকে যোগদানের আগে সরবজোত সিং-কে ভারত সরকার নানাভাবে সহায়তা করেছে। ২০২৩-এর ১৭ জানুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত তাঁকে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ দেওয়া হয়। টপস-এর আওতায় তাঁকে ২০,২৪,৯২৮ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়। ২০২২-এর এশিয়ান গেমসে তিনি দলগত বিভাগে সোনা জয় এবং মিক্সড বিভাগে রৌপ্য পদক জয় করেন। ২০২৩-এ ভোপালে বিশ্বকাপে ব্যক্তিগত বিভাগে স্বর্ণ পদক জিতে নেন। ২০২১-এ লিমায় জুনিয়র বিশ্ব চ্যাম্পিয়নশিপে দলগত এবং মিক্সড বিভাগে স্বর্ণপদক জয়লাভ করেন।

মনু ভাকের মনু ভাকেরকে অলিম্পিকের প্রস্তুতি পর্বে প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী দিয়ে সহায়তা করেছে ভারত সরকার। টপস-এর আওতায় তাঁকে ২৮,৭৮,৬৩৪ টাকা আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। ২০২২-এ ২৫ মিটার পিস্তল টিম বিভাগে স্বর্ণ পদক জিতেছেন তিনি। ২০২৩-এ বাকুতে ২৫ মিটার পিস্তল টিমেও সোনা জয় করেন মনু।

২ পাতার পর

# পাড়ার ঢালাই রাস্তা তৈরিকে কেন্দ্র করে তৃণমূল নেতার সামনে মারধর বাবা ও মেয়েকে

চাঞ্চল্যকর ঘটনা সিঙ্গুরের বেড়াবেড়ি গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ পাড়া এলাকার।যদিও মারধরের অভিযোগ অস্বীকার করছেন সিঙ্গুর পঞ্চায়েত সমিতির সহ সভাপতি মানিক দাস। তাঁর দাবি, সাঁতরা পরিবারের সদস্যরা তাদেরই আত্মীয়দের যাতায়াতের রাস্তা অন্যায় ভাবে দখল করে নিকাশি নালা তৈরি করেছিল। মীমাংসার পরেও রাস্তা তৈরি করতে যাওয়া হলে ওরাই বটি নিয়ে কর্মীদের দিকে তেড়ে যায়। এমনকী যে মারধরের ঘটনার কথা বলা হচ্ছে তাতে তৃণমূলের কেউ জড়িত নন বলেও দাবি করেছেন তিনি।জানা গিয়েছে ওই এলাকায় পাকা রাস্তা তৈরি নিয়ে দুই প্রতিবেশীর ঝামেলা দীর্ঘদিনের। জল গড়িয়েছে আদালত পর্যন্ত।

এরইমধ্যে ফের গত রবিবার থেকে নতুন করে শুরু হয় ঝামেলা। পঞ্চায়েতের তরফ থেকে রাস্তা নির্মাণের জন্য শুরু হয় মাপজোক। সোমবার শুরু হয়ে যায় রাস্তা তৈরির কাজ। তারপরই উত্তেজনা, বিশৃঙ্খলা। জোর পূর্বক জায়গা দখল করে রাস্তা নির্মাণের অভিযোগ তোলে সাঁতরা পরিবার। বাধা দিতে গেলে পরিবারের সদস্যদের মারধর করা হয় বলে অভিযোগ। তৃণমূলের নেতা-কর্মীরাই তাঁদের আক্রমণ করে বলে অভিযোগ পরিবারের সদস্য প্রভাত কুমার সাঁতরার। যদিও শাসকদলের লোকজন অভিযোগ অস্বীকার করছেন। তাঁরা পাল্টা অভিযোগের আঙুল তুলেছেন সাঁতরা পরিবারের দিকেই। তাঁদের দাবি, ওরাই অহেতুক রাস্তা তৈরিতে বাধা দিচ্ছিলেন। ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে বেশ কয়েকটি ভিডিয়ো ক্লিপ। যদিও তার সত্যতা যাচাই করেনি টিভি-৯ বাংলা। তাতেই দেখা যাচ্ছে এক মহিলাকে বাঁশ দিয়ে মারধর করা হচ্ছে। পরিবারের বাকি সদস্যরা চিৎকার-চেঁচামেচি করছেন। অন্য একটি ভিডিয়োতে দেখা যাচ্ছে দুই মহিলা হাতে বটি নিয়ে তেড়ে যাচ্ছেন রাস্তা তৈরির কাজে আসা কর্মীদের দিকে তেড়ে যাচ্ছেন।

প্রভাত সাঁতরা বলছেন, তাঁদের জায়গা দখল করে জোর করে ঢালাই রাস্তা করা হচ্ছিল। সেই জায়গা নিয়ে আদালতে মামলা চলছে। তাঁরা রাস্তা তৈরির প্রতিবাদ করতে গেলে তাদের মারধর করা হয়। তাঁর বাবা ও বোনকে রাস্তায় ফেলে মারধর করা হয়। বর্তমানে তাঁরা হাসপাতালে ভর্তি। তাঁর অভিযোগ, পঞ্চায়েত সমিতির সহ সভাপতি মানিক দাস-সহ অন্যান্য তৃনমূল নেতা-কর্মীরা দাঁড়িয়ে থেকে এটা করিয়েছে।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২০৮ সংখ্যা ৩১ জুলাই, ২০২৪ বুধবার ১৫ শ্রাবণ, ১৪৩১

## ইসরায়েল-হিজবুল্লাহ যুদ্ধ নিয়ে যা বললেন মার্কিন প্রতিরক্ষামন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মার্কিন প্রতিরক্ষা মন্ত্রী আজ মঙ্গলবার বলেছেন, তিনি বিশ্বাস করেন না যে হিজবুল্লাহ এবং ইসরায়েলের যুদ্ধ অনিবার্য। যদিও তিনি ইসরায়েল-অধিকৃত গোলান মালভূমিতে একটি মারাত্মক রকেট হামলার পরও উত্তেজনা বৃদ্ধির সম্ভাবনা নিয়ে তিনি উদ্বিগ্ন।

গোলানের দ্রুজ গ্রামের একটি ফুটবল মাঠে রকেট হামলায় ১২ শিশু ও কিশোর নিহত হয়। ইসরায়েল ইরান সমর্থিত হিজবুল্লাহকে অভিযুক্ত করেছে। সেই সাথে কঠোর জবাব দেওয়ার অঙ্গীকার করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। তবে এই জড়িত থাকার কথা অস্বীকার করেছে হিজবুল্লাহ।

যুক্তরাষ্ট্র হামলার প্রতিক্রিয়ায় লেবাননের রাজধানী বৈরুত বা বড় বেসামরিক অবকাঠামোতে হামলা থেকে ইসরায়েলকে বিরত থাকতে বলেছে। মার্কিন প্রতিরক্ষা সচিব লয়েড অস্টিন বলেছেন, 'যদিও আমরা ইসরায়েলের উত্তর সীমান্তে প্রচুর তৎপরতা দেখেছি, আমরা এটিকে পূর্ণাঙ্গ লড়াইয়ে পরিণত করার সম্ভাবনা নিয়ে উদ্বিগ্ন রয়েছি। এবং আমি বিশ্বাস করি না যে একটি লড়াই অনিবার্য।'

ম্যানিলায় একটি যৌথ সংবাদ সম্মেলনে অস্টিন বলেছেন, 'আমরা কূটনৈতিক উপায়ে বিষয়গুলির সমাধান দেখতে চাই।'

## সম্পাদকীয়

### সুপ্রিম কোর্টের তীব্র ভর্ৎসনার মুখে পড়তে হল কেন্দ্রীয় সরকারকে

অবসরপ্রাপ্ত ক্যাপ্টেনদের 'এক পদ, এক পেনশন' ব্যবস্থার অসঙ্গতিগুলি এখনও ঠিকঠাক করে উঠতে পারেনি কেন্দ্র। মঙ্গলবার সেই নিয়ে সুপ্রিম কোর্টের তীব্র ভর্ৎসনার মুখে পড়তে হল কেন্দ্রীয় সরকারকে। আর কত দিন এ ভাবে চলতে থাকবে? প্রশ্ন আদালতের। সিদ্ধান্তগ্রহণে দেরি হওয়ার কারণে কেন্দ্রকে ২ লাখ টাকা জরিমানাও করেছে শীর্ষ আদালত।

প্রসঙ্গত, 'এক পদ এক পেনশন' ব্যবস্থা ঘিরে প্রথম বিতর্ক তৈরি হয়েছিল ২০১৫ সালে। এই ব্যবস্থায়, একই সময়ের জন্য একই পদে কাজ করে যিনি আগে অবসর নিয়েছেন এবং যিনি এখন অবসর নিচ্ছেন, উভয়েরই পেনশনের অঙ্ক সমান হবে। ২০২১ সালের ৭ ডিসেম্বর নিম্ন আদালত (সশস্ত্র বাহিনী সংক্রান্ত ট্রাইবুনাল) সরকারকে নির্দেশ দিয়েছিল ছ'টি অসঙ্গতির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য। কিন্তু তা এখনও কার্যকর হয়নি। শীর্ষ আদালত এ-ও জানিয়েছে, এ বিষয়ে সিদ্ধান্ত নিতে সরকারকে সময় দেওয়ার জন্য এই মামলা বারংবার পিছিয়ে গিয়েছে। কিন্তু এ বার কড়া সিদ্ধান্ত শীর্ষ আদালতের।বিচারপতি সঞ্জীব খন্না ও বিচারপতি আর মহাদেবনের বেঞ্চের নির্দেশ, সেনা কল্যাণ তহবিলে ওই জরিমানার অঙ্ক জমা করতে হবে।

'এক পদ, এক পেনশন' ব্যবস্থায় যেখানে যেখানে অসঙ্গতি রয়েছে, তা ঠিক করার জন্য কেন্দ্রকে শেষ সুযোগ দিয়েছে শীর্ষ আদালত। আগামী ১৪ নভেম্বরের মধ্যে গোটা ব্যবস্থা ঠিকঠাক করার নির্দেশ দেওয়া হয়েছে। অন্যথায় সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত ক্যাপ্টেনদের ১০ শতাংশ বর্ধিত হারে পেনশন দেওয়ার নির্দেশ দেওয়া হবে, এমন কথাও জানিয়ে রেখেছে শীর্ষ আদালত। আগামী ২৫ নভেম্বর এই মামলার পরবর্তী শুনানি রয়েছে।মঙ্গলবার কেন্দ্রের তরফে আদালতে সওয়াল করেন অতিরিক্ত সলিসিটর জেনারেল ঐশ্বর্য ভাটি। তাঁর যুক্তি, সশস্ত্র বাহিনী সংক্রান্ত ট্রাইবুনালের কোচি বেঞ্চ 'এক পদ, এক পেনশন' ব্যবস্থায় ছ'টি ক্ষেত্রে অসঙ্গতি খুঁজে পেয়েছিল। যেগুলি সংশোধন হওয়া প্রয়োজন। তবে সরকার এ বিষয়ে এখনও পরবর্তী পদক্ষেপ করেনি। সে কথা শুনেই শীর্ষ আদালতের ধমক, 'আর কত দিন এ ভাবে চলতে থাকবে? হয় আপনারা ১০ শতাংশ বর্ধিত হারে পেনশন দিন, না হলে আদালত স্থির করে দিক। আমরা চেয়েছিলাম, আপনারা একটি সিদ্ধান্তে আসুন, কিন্তু তা হয়নি। ২০২১ সালে এটি আটকে রয়েছে, কিন্তু এখনও কোনও সিদ্ধান্ত নেওয়া হল না।'তবে অতিরিক্ত সলিসিটর জেনারেলের বক্তব্য, সরকার হঠাৎ করে কোনও সিদ্ধান্ত নিয়ে ফেলতে পারে না। যে ছ'টি অসঙ্গতির কথা বলা হচ্ছে, সেগুলিকে সার্বিক ভাবে খতিয়ে দেখতে হবে এবং এগুলির ফলে বাকিদের উপর কোনও প্রভাব পড়বে কি না, সেটিও দেখা দরকার। তিনি বলেন, 'আদালতের কাছে আমি ক্ষমা চেয়ে নিচ্ছি। দয়া করে আমাদের আরও একটি সুযোগ দিন। আমরা এ বিষয়ে সিদ্ধান্ত নিয়ে নেব।'

যদিও কেন্দ্রকে আর সুযোগ দিতে প্রথমে রাজি ছিল না সুপ্রিম কোর্ট। বিচারপতি খন্না ভর্ৎসনার সুরে বলেন, 'এ সব কী হচ্ছে? যদি সরকার কোনও সিদ্ধান্তই না নেয়, তা হলে আমাদের করার কিছু নেই। হয় আপনারা ১০ শতাংশ বর্ধিত হারে পেনশন দেওয়া শুরু করুন, না হলে আদালত সিদ্ধান্ত নিক। আপনারা বেছে নিন।'

পরে অবশ্য ২ লাখ টাকা জরিমানা করে কেন্দ্রকে এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার শেষ সুযোগ দিয়েছে শীর্ষ আদালত। আদালতের নির্দেশ, চার সপ্তাহের মধ্যে জরিমানার অঙ্ক জমা দিতে হবে সেনা কল্যাণ তহবিলে। একই সঙ্গে ১৪ নভেম্বরের মধ্যে 'এক পদ, এক পেনশন'-এর বিষয়ে সিদ্ধান্ত নিতে বলেছে সুপ্রিম কোর্ট।

# ভগবান শ্রীকৃষ্ণনের অবতার যুগে যুগে



মৃত্যুঞ্জয় সরদার

(সপ্তম পর্ব)



উপস্থিত হয়ে দেখলেন ব্রজবাসী সকলেই যোগনিদ্রায় মগ্ন। তখন তিনি সূতিকাগারে যশোদার শয্যায় নিজপুত্রকে রেখে যশোদার নবজাতিকাকে সঙ্গে নিয়ে কংসের কারাগারে ফিরে গেলেন। দেবকীর শয্যায় তাকে রাখতেই কারাগারের লৌহকপাটগুলি বন্ধ হয়ে গেল।এদিকে কংস খবর পেয়ে সূতিকাগৃহে এসে দেখলেন নবজাতক নয়, এক নবজাতিকা আপনমনে খেলা করছে। এরপর শিশুটিকে শিলায় আছাড় মারার চেষ্টা করতেই সে কংসের হাত পিছলে আকাশে উঠে পড়ল। সঙ্গে সঙ্গে দৈববাণী হল- 'হে দুরাচার কংস, তোমাকে যে হত্যা করবে সে ইতিমধ্যেই জন্মগ্রহণ করেছে। তোমাকে বধিবে যে গোকুলে বাড়িছে সে।'এই সত্য কথা গুলো আজও আমরা উপলব্ধি করতে পারি সংস্কৃত সেই শক্তির মাধ্যমে। তাই চিতী সংজ্ঞানে এই ধাতু হইতে 'চিৎ' শব্দ সিদ্ধ হয়। 'যশ্চেততি চেতয়তি' য়োগিনস্তচ্চিৎ পরং ব্রহ্ম' তিনি চেতন স্বরূপ, সকল জীবকে চেতনা যুক্ত করেন এবং যিনি সত্যাসত্যের জ্ঞাপয়িতা, সেই পরমেশ্বরের নাম 'চিৎ'। এই তিন শব্দের বিশেষণে পরমেশ্বরকে 'সচ্চিদানন্দ স্বরূপ' বলে।

একথা ঠিক গীতার ৪ অধ্যায় এর ৭ শ্লোকের দ্বারা কৃষ্ণ বলে গেছেন বলে অবতারের পক্ষে অনেক ওকালতি করেন। কিন্তু অবতার শব্দটি সেখানে নেই। তাই আমাদের বাংলাদেশের উর্বর পলিমাটিতে অবতারের ঢেউ লেগে গেছে। পৃথিবীতে জন্ম গ্রহণকারী মহাত্মা বা বীর পুরুষেরা সকল অন্যায়কে দমন করতে বিদ্রোহ করেন এবং মানব সমাজকে সুন্দর পথে পরিচালিত করেন। এই সকল আদর্শ মানুষেরা পূর্ণ ভগবান, অবতার বা ভগবানের অংশ কোন ক্রমেই নহেন। প্রত্যেকেই যদি তদীয় গুরুকে অবতার আখ্যা দেন, তবে অবতারের গুরুত্ব অবশ্যই থাকে না, আবার সনাতন ধর্মের পবিত্র ধর্মগ্রন্থ বেদ অবতারকে স্বীকার করে না, সেখানে মৎসৃষ্ট অবতার নিয়ে লাফালাফি করাও সঠিক

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## কেন্দ্রীয় মন্ত্রী শ্রী প্রহ্লাদ যোশী ৬০ টাকা প্রতি কিলোগ্রাম ভর্তুকি মূল্যে টমেটো বিক্রয়ের সূচনা করেছেন

**নয়াদিল্লি, ২৯ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** উপভোক্তা, খাদ্য ও গণবন্টন এবং নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি বিষয়ক মন্ত্রী শ্রী প্রহ্লাদ যোশী আজ ৬০ টাকা প্রতি কিলোগ্রাম দরে টমেটো বিক্রয়ের সূচনা করেছেন। ভারতের জাতীয় সমবায় গ্রাহক ফেডারেশন লিমিটেড (এনসিসিএফ) -এর গাড়ি করে ভর্তুকি মূল্যে টমেটো বিক্রি হবে। দিল্লি, নয়ডা ও গুরগাঁও অঞ্চলে এই টমেটো পাওয়া যাবে। খুচরো বাজারে টমেটোর মূল্য বৃদ্ধির কারণেই কেন্দ্রীয় সরকারের এই পদক্ষেপ। অনুষ্ঠানে সংবাদ মাধ্যমের উদ্দেশে ভাষণে শ্রী যোশী বলেন, দিল্লির মতো প্রধান শহরগুলিতে টমেটোর অত্যাধিক মূল্য নিয়ন্ত্রণে ভারত সরকারের গ্রাহক বিষয়ক বিভাগ এই উদ্যোগ গ্রহণ করেছে। 'আজ থেকে ভর্তুকি মূল্যে ৬০ টাকা প্রতি কিলোগ্রাম দরে টমেটো বিক্রি হবে', বলেন শ্রী যোশী। কেন্দ্রীয় মন্ত্রী আরও বলেন, শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার গ্রাহকদের সুবিধার্থে ক্রমবর্ধমান খাদ্য মূল্য নিয়ন্ত্রণে বিশেষ ব্যবস্থা নিয়েছে। সরকারের এই পদক্ষেপ বাজারে টমেটোর দাম কমাতে সহায়ক হবে বলেও মন্তব্য করেন তিনি।

## কেরালার মুখ্যমন্ত্রীর সঙ্গেও কথা প্রধানমন্ত্রীর, সবরকম কেন্দ্রীয় সাহায্যের আশ্বাস

**নয়াদিল্লি, ৩০ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কেরালার ওয়েনাড়ে ধসে মৃতদের প্রতি গভীর শোক প্রকাশ করেছেন। কেরালার মুখ্যমন্ত্রী শ্রী পিনারাই বিজয়নের সঙ্গেও কথা বলেছেন তিনি এবং পরিস্থিতির মোকাবিলায় সম্ভাব্য সব ধরনের কেন্দ্রীয় সাহায্যের আশ্বাস দিয়েছেন শ্রী মোদী। পিএমএনআরএফ থেকে মৃতদের নিকট আত্মীয়দের এককালীন ২ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেওয়ার কথা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী। এক্স পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন: "ওয়েনাড়ের কিছু অংশে ধসের ঘটনায় বেদনা অনুভব করছি। যাঁরা তাঁদের প্রিয়জনদের হারিয়েছেন, আমি তাঁদের পাশে আছি এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করছি। দুর্গত এলাকায় উদ্ধার অভিযান চলছে। কেরালার মুখ্যমন্ত্রী শ্রী @pinarayivijayan -এর সঙ্গে কথা বলেছি এবং বর্তমান পরিস্থিতির মোকাবিলায় সব ধরনের কেন্দ্রীয় সাহায্যেরও আশ্বাস দিয়েছি।" প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এক্স পোস্টে জানানো হয়েছে: "ওয়েনাড়ের কিছু অংশে ধসে মৃতদের নিকট আত্মীয়দের এককালীন ২ লক্ষ টাকা করে দেওয়ার কথা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী। আহতদের দেওয়া হবে ৫০ হাজার টাকা করে।"

## ন্যাটো থেকে তুরস্ককে বহিষ্কারের আর্জি ইসরায়েলের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইসরায়েলের পররাষ্ট্রমন্ত্রী ইসরায়েল কাটজ (বামে) ও তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান টানা প্রায় ১০ মাস ধরে ফিলিস্তিনের গাজা উপত্যকায় নির্বিচারে আগ্রাসন ও গণহত্যা চালাচ্ছে ইহুদিবাদী ইসরায়েল। ইসরায়েলের এই প্রাণঘাতী আগ্রাসনের বিরুদ্ধে কঠোর প্রতিক্রিয়া দেখিয়েছে বিশ্বের অন্যতম শক্তিশালী মুসলিম রাষ্ট্র তুরস্ক।



সর্বশেষ হুঁশিয়ারি দিয়ে তুরস্ক নাগোরনো কারাবাখ ও লিবিয়ার মতো ইসরায়েলে ঢুকতে পারে বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। আর এরই প্রতিক্রিয়ায় সামরিক জোট ন্যাটো থেকে তুরস্ককে বহিষ্কারের আর্জি জানিয়েছে ইসরায়েল।

গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, ইসরায়েলের পররাষ্ট্রমন্ত্রী সোমবার ন্যাটোকে জোটটির সদস্য হিসেবে তুরস্ককে বহিষ্কারের আহ্বান জানান। তবে এই আহ্বানে এই ইসরায়েল ও তুরস্কের মধ্যে উত্তেজনা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

ইসরায়েলের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ানের ইসরায়েল আক্রমণের হুমকি এবং তার বিপজ্জনক বক্তব্যের আলোকে পররাষ্ট্রমন্ত্রী ইসরায়েল কাটজ তুরস্কের নিন্দা জানিয়েছেন ও আঞ্চলিক জোট ন্যাটো থেকে তুরস্ককে বহিষ্কারের দাবি জানিয়েছেন। এ বিষয়ে তিনি ইসরায়েলি কূটনীতিকদের জরুরিভাবে ন্যাটো সদস্য দেশগুলোর সাথে যুক্ত থাকার নির্দেশ দিয়েছেন।

প্রসঙ্গত, অতীতে লিবিয়া এবং নাগোরনো-কারাবাখের মতো এবার তুরস্ক ইসরায়েলে প্রবেশ করতে পারে বলে প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান গত রবিবার জানান। যদিও এর দ্বারা কী ধরনের হস্তক্ষেপের ইঙ্গিত দিচ্ছেন তা উল্লেখ করেননি তুর্কি প্রেসিডেন্ট।

গাজায় ইসরায়েলের চলমান আগ্রাসনের শুরু থেকেই তীব্র সমালোচনা করে চলেছেন প্রেসিডেন্ট এরদোগান। রবিবার তার দেশের প্রতিরক্ষা শিল্পের প্রশংসা করে দেওয়া বক্তৃতার সময় এই যুদ্ধ নিয়ে আলোচনা শুরু করেন তিনি।

গত রবিবার এরদোয়ান তার ক্ষমতাসীন একে পার্টির এক বৈঠকে বলেন, "আমাদের অবশ্যই খুব শক্তিশালী হতে হবে যাতে ফিলিস্তিনের সাথে ইসরায়েল এই হাস্যকর কাজগুলো করতে না পারে। আমরা যেভাবে কারাবাখে প্রবেশ করেছি, যেভাবে আমরা লিবিয়ায় প্রবেশ করেছি, আমরা তাদের (ইসরায়েলের) ক্ষেত্রেও একই কাজ করতে পারি।"

টেলিভিশনে সম্প্রচারিত ওই ভাষণে প্রেসিডেন্ট এরদোয়ান আরও বলেন, "আমরা এটি না করার কোনও কারণ নেই... আমাদের অবশ্যই শক্তিশালী হতে হবে যাতে আমরা এই পদক্ষেপগুলো নিতে পারি।"

প্রেসিডেন্ট এরদোয়ান রবিবারের ভাষণে তুরস্কের অতীত কর্মকাণ্ডের কথা উল্লেখ করেছেন বলে মনে হচ্ছে। ২০২০ সালে লিবিয়ার জাতিসংঘ-স্বীকৃত সরকারের সমর্থনে দেশটিতে সামরিক বাহিনীর সদস্য পাঠিয়েছিল তুরস্ক।

লিবিয়ার ত্রিপোলি-ভিত্তিক জাতীয় ঐক্য সরকারের প্রধানমন্ত্রী আব্দুলহামিদ আল-দাবিবাহকে তুরস্ক সমর্থন করে।

এছাড়া নাগোরনো-কারাবাখে আজারবাইজানের সামরিক অভিযানে সরাসরি কোনও ভূমিকা রাখার কথা অস্বীকার করে থাকে তুরস্ক। কিন্তু গত বছর তুরস্ক বলেছে, তারা তার এই ঘনিষ্ঠ মিত্রকে (আজারবাইজান) সহায়তা করার জন্য সামরিক প্রশিক্ষণ এবং আধুনিকীকরণসহ 'সকল উপায়' ব্যবহার করছে।

এদিকে গণহত্যাকারী নেতানিয়াহুর পরিণতি হিটলারের মতো হবে বলে সোমবার ঘোষণা দেয় তুরস্কের পররাষ্ট্র মন্ত্রণালয়।

এদিন এক বিবৃতিতে তুরস্কের পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, "যেভাবে গণহত্যাকারী নাৎসিদের জবাবদিহি করা হয়েছিল, তেমনি যারা ফিলিস্তিনিদের ধ্বংস করতে চায় তাদেরও জবাবদিহি করা হবে। মানবতা ফিলিস্তিনিদের পাশে দাঁড়াবে। আপনি ফিলিস্তিনিদের ধ্বংস করতে পারবেন না।"

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সুন্দরবনের বনদেবতা বনবিবির কথা বলতে গেলে যে কথাটি না লিখলেও এই লেখাটি অসম্পূর্ণ হয়ে যাবে।সুন্দরবনে প্রথম জরীপ কার্য করেন শ্রী এল টি হজেস সাহেব, ১৮২৯ সালে। আর সেই কবে ১৮৭৮ সালে ব্রিটিশ সরকার সুন্দরবনকে সংরক্ষিত বন হিসাবে ঘোষণা করেন, যখন বন সংরক্ষণ নিয়ে ভারতবর্ষের অসংখ্য রাজা উজিরদের আদৌ কোন ধারণা ছিল কিনা সন্দেহ। ১৮৭৯ সালে সমগ্র সুন্দরবন কে বাঙলা বনবিভাগের আওতায় আনা হয়। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## মানুষ এখনো আমাকে মেয়েবাজ, চিটিংবাজ বলে: রণবীর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা রণবীর কাপুর অভিনেত্রী আলিয়া ভাটকে বিয়ে করে সুখে সংসার করছেন। তাদের সংসারে একটি কন্যা সন্তানও রয়েছে। নাম রাহা কাপুর। তবে স্বামী হিসেবে বেশ দায়িত্বশীল ভূমিকায় দেখা গেলেও নিজের ইমেজ থেকে 'ক্যাসানোভা' তকমা এখনো মুছে ফেলতে পারেননি রণবীর। বিয়ের পরও অভিনেতাকে শুনতে হয় তিনি নাকি 'মেয়েবাজ'।

সম্প্রতি, নিখিল কামাথের একটি অনুষ্ঠানে যোগ দিয়ে জীবনের নানা গোপন কথা ফাঁস করেছেন রণবীর। যেখানে অভিনেতা তার অতীত জীবন, 'প্রতারক' তকমা, মেয়ে রাহা এবং নিজের প্রয়াত বাবা অভিনেতা ঋষি কাপুরের সঙ্গে বন্ধন নিয়ে আলোচনা করেছেন। শনিবার অনুষ্ঠানের ট্রেলার মুক্তি পেয়েছে। যেখানে বিভিন্ন বিষয়ে কথা বলতে দেখা গেছে অভিনেতাকে। যেই ক্লিপ ছড়িয়ে পড়তেই ভক্তদের মাঝেও তুমুল আগ্রহের সৃষ্টি হয়েছে।

আলিয়ার আগে দীপিকা পাড়ুকোন ও ক্যাটরিনা কাইফের সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন রণবীর। দীপিকার সঙ্গে সম্পর্কে থাকাকীলানই ক্যাটের সঙ্গে সম্পর্কে জড়ান কাপুর পুত্র। একবার কফি উইথ করণ-এ দীপিকা ও সোনম কাপুর রণবীরকে 'ক্যাসানোভা' ট্যাগ ট্যাগ দিয়েছিলেন। এই অনুষ্ঠানে এসে সে বিষয়েই কথা বলতে দেখা গেছে রণবীরকে। তিনি বলেন, 'অতীতে আমি দু'জন সফল অভিনেত্রীর সঙ্গে প্রেম করেছি, যা একসময় আমার পরিচয় হয়ে দাঁড়িয়েছিল। আমি ওদের থেকে ক্যাসানোভা এবং প্রতারক দুটো ট্যাগই পেয়েছি। আমি নিজের জীবনের অনেকটা সময় এই দুই তকমা নিয়েই বেঁচে আছি। মানুষ এখনো আমাকে এসবই বলে।'

## সংসদে পদ হারাচ্ছেন কঙ্গনা?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের তারকা অভিনেত্রী কঙ্গনা রানাউত হিমাচল প্রদেশের মান্ডি আসন থেকে বিজেপির টিকিটে গত লোকসভা নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। রাজনীতিতে নবাগত হলেও গত কয়েক বছর ধরে বিজেপির একনিষ্ঠ সমর্থক হিসেবে সামাজিকমাধ্যমে সরব ছিলেন তিনি।

তবে নির্বাচনে জয় পেয়েও স্বস্তি নেই কঙ্গনার। তার নির্বাচন বাতিলের জন্য হাইকোর্টে দ্বারস্ত হয়েছেন এক ব্যক্তি। ২৪ জুলাই কঙ্গনাকে নোটিশ পাঠিয়েছে হিমাচল প্রদেশ হাইকোর্ট।

জানা যায়, তার আসনের নির্বাচন বাতিল করার আবেদন করেছেন হিমাচল প্রদেশের কিন্নর জেলার লায়ক রাম নেগি এক বাসিন্দা। কঙ্গনার প্রতিদ্বন্ধী হিসেবে মান্ডি আসন থেকে লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে চেয়েছিলেন রাম নেগি।

রাম নেগির দাবি, তার মনোনয়নপত্র 'ভুলভাবে' বাতিল করা হয়েছিল। যে কারণে নির্বাচনে দাঁড়াতে পারেননি তিনি। এবার নির্বাচনও বাতিল করার দাবি জানিয়েছেন রাম নেগি নামের ওই ব্যক্তি। হাইকোর্টের আবেদনে রাম নেগি উল্লেখ করেন, তার মনোনয়নপত্র গ্রহণ করা হলে তিনি নির্বাচনে জয়ীও হতে পারতেন। তাই কঙ্গনার নির্বাচন বাতিল করা হোক। প্রাথমিকভাবে এই আবেদনে সাড়া দিয়েছে হিমাচল প্রদেশ হাইকোর্ট। আগামী ২১ আগস্টের মধ্যে কঙ্গনাকে জবাব দেয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি জ্যোৎস্না রাওয়াল।

প্রথমবার নির্বাচনি মাঠে নেমে মান্ডি লোকসভা আসনে থেকে ৭৪ হাজার ৭৫৫ ভোটের ব্যবধানে জয়ী হন কঙ্গনা রানাওয়াত। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেস প্রার্থী বিক্রমাদিত্য সিং পেয়েছিলেন ৪,৬২,২৬৭ ভোট। আর কঙ্গনা পেয়েছিলেন ৫,৩৭,০০২ ভোট।

## আমাকে মেরে ফেলতে চেয়েছিল: সালমান খান




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড তারকা সালমান খানের গুলিকাণ্ড নিয়ে আলোচনা দীর্ঘদিন ধরেই চলছে। লরেন্স বিষ্ণুই নামে একটি গ্যাং পার্টি সালমানকে হত্যার চেষ্টা চালিয়েছিল বলে শোনা যাচ্ছিল। এবার নিজের অ্যাপার্টমেন্টে গুলি চালানোর ঘটনা নিয়ে মুখ খুললেন বলিউড ভাইজান। ভারতীয় গণমাধ্যমের খবর, মুম্বাইয়ের ক্রাইম ব্রাঞ্চে দেওয়া একজ জবানবন্দিতে সালমান বলেছেন, আমি একটা বাজি ফাটানোর মতো আওয়াজ পেয়েছিলাম। তারপর ভোর ৫ টার দিকে দেহরক্ষী জানালেন, দু'টো লোক গ্যালাক্সি অ্যাপার্টমেন্টের দোতলার বারান্দা লক্ষ্য করে বন্দুক দিয়ে গুলি চালিয়েছে। এই ঘটনার আগেও আমায় আর আমার পরিবারকে টার্গেট করা হয়েছে। পরে জানতে পারলাম, বিষ্ণুই গ্যাং এই ঘটনার দায় স্বীকার করে সামাজিক মাধ্যমে পোস্ট করেছে। তাই মনে হয়, বিষ্ণুই গ্যাং-ই গুলিটা চালিয়েছিল।

জবানবন্দিতে সালমান আরও জানান, শুধু এই বারই নয়, গ্যাংদের সেই পোস্টে তার পরিবারকে খুন করার কথা জানিয়েছিল লরেন্স বিষ্ণুইয়ের সদস্যরা। তাই তার মনে হয়, তাকে খুন করে, ওরা তার পরিবারের বাকিদেরও খুন করার পরিকল্পনা করেছিল। এবারের ঘটনার পরে তিনি নাকি বাড়ির প্রত্যেক সদস্যকে সর্বদা সতর্ক থাকার পরামর্শও দিয়েছিলেন।

লরেন্স বিষ্ণুই গ্যাংয়ের কাছ থেকে এর আগেও হুমকি পেয়েছিলেন সালমান ও তার পরিবারের সদস্যেরা। সেই কথা স্মরণ করে সালমান বলেন, ২০২৩ সালের মার্চ মাসে আমার এক কর্মচারীর অফিশিয়াল মেইলে একটি মেইল আসে। সেখানেও বিষ্ণুই গ্যাংয়ের পক্ষ থেকে আমাকে ও আমার পরিবারকে খুন করার হুমকি দেওয়া হয়। এরপর আমার ওই কর্মচারী বান্দ্রা থানায় এ নিয়ে একটি কেস দায়ের করে।

## ঐশ্বরিয়াকে নিয়ে বড় চমক দিলেন অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রাই বচ্চনকে নিয়ে জল্পনার অন্ত নেই। গত কয়েক মাস ধরে এক নাগাড়ে গুঞ্জন শোনা যাচ্ছে, ১৭ বছরের দাম্পত্যে নাকি ছেদ পড়তে চলেছে। অনন্ত আম্বানি ও রাধিকা মার্চেন্টের বিয়েতে দম্পতি একসঙ্গে প্রবেশ না করায় সেই জল্পনা আরও ঘনীভূত হয়।

সম্প্রতি বিবাহবিচ্ছেদ সংক্রান্ত একটি পোস্টে লাইক দিয়ে সেই জল্পনা কয়েক গুণ উসকে দিয়েছিলেন জুনিয়র বচ্চন। এবার তাতে পানি ঢাললেন নিজেই।

সম্প্রতি নতুন একটি গাড়ি কেনেন অভিষেক। বুধবার সেই গাড়িতেই চেপেই মুম্বাইয়ে ভাগ্নে অগস্ত্য নন্দা ও তার বান্ধবী সুহানা খানকে নিয়ে সান্ধ্য ভ্রমণে যান। এই গাড়ির সঙ্গেই যোগ রয়েছে ঐশ্বরিয়ার। তাতেই বিবাহবিচ্ছেদের জল্পনায় পানি ঢেলেছেন অভিনেতা, এমনই মনে করছেন অনেকে। অভিষেকের নতুন গাড়ির নম্বর প্লেটে যে চারটি নম্বর জ্বলজ্বল করছে তা হল ৫০৫০। এটি ঐশ্বরিয়ার প্রিয় সংখ্যা।

ঐশ্বরিয়ার একটি সাদা রঙের মার্সেডিজ গাড়ি ছিল। তার নম্বর প্লেটেও এই চারটি সংখ্যাই ছিল। সম্প্রতি গাড়িটি বিক্রি করে দেন অভিনেত্রী। এবার নিজের নতুন গাড়ি কিনতেই স্ত্রীকে চমকে দিলেন অভিষেক। স্বাভাবিকভাবেই বোঝা যাচ্ছে স্ত্রীর সঙ্গে তার দূরত্ব নয় বরং তারা সুখেই রয়েছেন।

## কেন ক্লান্ত প্রিয়াঙ্কা?





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তারকাদের জীবন আলোয় ভরা। মুখের উপর টানা থাকে রূপের পর্দা, মেকআপ আঁকা মুখে ঢাকা পড়ে সব। সেই পর্দার বাইরে হাসতে হাসতে ভেতরে কখন তারা ক্লান্ত হয়ে পড়েন বোঝাই যায় না। একটা সময় পর্যন্ত তারকাদের ক্লান্তি ভক্ত, অনুরাগীদের সামনে প্রকাশ করা ছিল নিষিদ্ধপ্রায়। কিন্তু সামাজিক যোগাযোগমাধ্যম সেই বিভেদ অনেকখানি ঘুচিয়ে দিয়েছে। তারকারা নিজের মনের কথা অনেক সময়েই প্রকাশ করেন সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায়। চেনা ছকের বাইরে, রূপটান ছাড়া নরম মুখের ছবিও প্রকাশ করেন তারা। প্রকাশিত হয়ে পড়ে ছোটখাটো চোট-আঘাত। কখনও তা শরীরের, কখনও মনের।

এমন পরিবর্তন যে তারকাদের পক্ষে সুবিধাজনক, এর আগেই তার প্রমাণ মিলেছে হিনা খানের সামাজিক যোগাযোগমাধ্যমে। অভিনেত্রীর অসুস্থতার পর থেকেই তাকে মনোবল জুগিয়ে চলেছেন অনুরাগীরা। অভিনেত্রীও অসুস্থতার নানা পর্যায়ে নিজের পরিস্থিতি ভাগ করে নিচ্ছেন তাদের সঙ্গে, হয়তো মনের ভার হালকা করছেন!

এবার প্রিয়াঙ্কা চোপড়াও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাগ করে নিলেন তার ক্লান্তির কথা। আজ বৃহস্পতিবার সকালে একটি ছোট ভিডিও তিনি পোস্ট করেন ইনস্টাগ্রামে। সেখানে দেখা যায়, একেবারে মেকআপ ছাড়া মুখ, অগোছালো চুল, চোখে ঘুম ঘুম ভাব। প্রিয়াঙ্কা যে ক্লান্ত তা বোঝাতেই যেন একবার কপালের উপর হাত রেখে চোখ বন্ধ করে নেন তিনি। আসলে প্রিয়াঙ্কা গাড়ি চড়ে যাচ্ছিলেন কোথাও। এই ভিডিওর উপরেই 'হ্যাশট্যাগ' দিয়ে তিনি লিখেছেন, 'অনুপ্রাণিত থাকুন'। এর পাশে শক্তির প্রতীক হিসাবে একটি বাইসেপের ইমোজি। প্রিয়াঙ্কা লিখেছেন, 'আজ এটা অনুভব করলাম'।

কী হয়েছে প্রিয়াঙ্কার? শারীরিক ক্লান্তি, নাকি মানসিকভাবে ভেঙে পড়েছেন অভিনেত্রী! ভিডিও পোস্ট করার পরই অনুরাগীরা তাকে ভরিয়ে দিয়েছেন অনুপ্রেরণামূলক মন্তব্যে। কেউ বলেছেন, 'আপনিই সেরা..', আবার কেউ বলেছেন, 'আপনি যথেষ্ট শক্তিশালী নারী।'

প্রিয়াঙ্কা এই মুহূর্তে রয়েছেন অস্ট্রেলিয়ায়। তার পরবর্তী ছবি 'ব্লাফ'-এর শুটিং চলছে। অভিনেত্রীর সঙ্গেই রয়েছে তাঁর ছোট্ট মেয়ে মালতী মারি চোপড়া জোনাস। শুটিংয়ের ব্যস্ততার মধ্যেও মেয়ের সঙ্গে সময় কাটাচ্ছেন প্রিয়াঙ্কা। সেই ছবিও তিনি ভাগ করে নিয়েছেন সমাজমাধ্যমে।

# কোহলি-রোহিতকে ওয়ানডে বিশ্বকাপে চান গম্ভীর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী ওয়ানডে বিশ্বকাপের সময় বিরাট কোহলি ৩৮ ও রোহিত শর্মা পৌঁছাবেন ৪০ বছর বয়সে। যদিও ফিট থাকলে তাদের বিশ্বকাপে খেলানোর ইঙ্গিত দিয়েছেন গৌতম গম্ভীর। তার মতে, কোহলি-রোহিতের এখনো অনেক কিছু দেওয়ার বাকি। ভারতের হেড কোচ হিসেবে দায়িত্ব নেওয়ার পর আজই প্রথম সংবাদ সম্মেলনে আসেন তিনি।

গম্ভীর বলেন, 'টি-টোয়েন্টি হোক বা ৫০ ওভারের বিশ্বকাপ, আমি মনে করি তারা দেখিয়েছে বড় মঞ্চে কী করতে পারে। একটা বিষয়ে আমি খুবই পরিষ্কার দুজনের ভেতরই অনেক কিছু দেওয়ার বাকি রয়েছে। ২০২৫ সালে চ্যাম্পিয়নস ট্রফি ও নভেম্বরে অস্ট্রেলিয়া সফরকে সামনে রেখে অবশ্যই যথেষ্ট অনুপ্রাণিত থাকবে তারা।'

'এরপর আশা করি, ফিটনেস যদি ধরে রাখতে পারে, তাহলে ২০২৭ বিশ্বকাপেও খেলতে পারে। তবে এটা একদমই তাদের ব্যক্তিগত সিদ্ধান্ত। আমি বলতে পারব না তাদের মধ্যে কতখানি ক্রিকেট বাকি আছে। দিনশেষে এটা খেলোয়াড়ের ওপর নির্ভর করে, দলের সফলতায় তারা কতটা অবদান রাখতে পারবে।'

ছুটি কাটিয়ে শ্রীলঙ্কার বিপক্ষে ওয়ানডে সিরিজ দিয়ে মাঠে ফিরছেন কোহলি-রোহিত। তাদের যতদিন সম্ভব রাখতে চান গম্ভীর। তিনি বলেন, 'দিনশেষে দলই গুরুত্বপূর্ণ। কিন্তু আমি মনে করি কোহলি-রোহিতের এখনো অনেক কিছু দেওয়ার বাকি। তারা বিশ্বমানের খেলোয়াড় এবং যেকোনো দলই তাদের যতদিন সম্ভব ধরে রাখতে চাইবে।'

# আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বললেন শোয়েব মালিক?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাকিস্তানের হয়ে সর্বশেষ ২০২১ সালের নভেম্বরে বাংলাদেশের বিপক্ষে খেলেছেন শোয়েব মালিক। এরপর মাঝে প্রায় তিন বছর কেটে গেলেও স্বপ্ন দেখছিলেন আবারও পাকিস্তান দলে ফেরার। তবে সেটা আর পূরণ হচ্ছে না। অপেক্ষার প্রহর আর দীর্ঘ করছেন না মালিক!

এতে করে আন্তর্জাতিক ক্রিকেটে দীর্ঘ ২৫ বছরের পথচলা থেমে গেলে পাকিস্তানি অলরাউন্ডারের। পাকিস্তানের হয়ে ব্যাট-প্যাড তুলে রাখার ঘোষণা স্বদেশি এক সাংবাদিককে জানান মালিক। পাকিস্তানের হয়ে আর খেলার কোনো আগ্রহ নেই বলে জানিয়েছেন মালিক। বর্তমান জীবন নিয়ে সন্তুষ্টির কথা জানিয়ে তিনি বলেছেন, 'অনেক বছর ধরেই পাকিস্তানের হয়ে ক্রিকেট খেলেছি।

মুহূর্তগুলো দারুণ উপভোগ করেছি। বর্তমান জীবন নিয়ে আমি খুব খুশি এবং সন্তুষ্ট। পাকিস্তানের হয়ে আবারও খেলার কোনো ইচ্ছা নেই।'

জাতীয় দলের কোচিং করানোর কোনো আগ্রহ নেই বলেও জানিয়েছেন মালিক।

পাকিস্তানি অলরাউন্ডার বলেছেন, 'জাতীয় দলে কোচিং করাতে আগ্রহী নই, তবে ঘরোয়া দলে মেন্টর হিসেবে কাজ করতে চাই। আশা করি, শোয়েব মালিকের স্তরের চাকরির অফার ভবিষ্যতে পাব।'

# ছক্কা মারা নিষিদ্ধ করে দিল কাউন্টি ক্লাব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ছক্কা মারলে রান পাবেন না কোনো ব্যাটার। আবার সেই ব্যাটার দ্বিতীয়বার ছক্কা মেরে দিলে ফিরে যেতে হবে প্যাভিলিয়নে। ইংল্যান্ডের সাউথউইক ও শোরহাম ক্রিকেট ক্লাব তাদের মাঠে এই নিয়মই বেঁধে দিয়েছে। প্রতিবেশীদের অভিযোগের পর এমন সিদ্ধান্ত নিয়েছে ব্রাইটনের কাছের ক্লাবটি।

এই অদ্ভুত নিয়ম চালু করা ক্লাব প্রতিষ্ঠিত হয়েছে ১৭৯০ সালে। ক্লাবটির ঘরের মাঠ দ্য গ্রিনের কাছাকাছি বাড়ি রয়েছে। সেসব বাড়িতে ক্ষয়ক্ষতির অভিযোগ আনার পর ক্লাব কর্তৃপক্ষ নতুন পদক্ষেপ হিসেবে ছক্কা মারাই বন্ধ করে দিয়েছে।

সাউথউইকের মাঠটির পাশে বসবাস করেন ম্যারি গিল। ৮০ বছর বয়সী গিল বলেছেন, 'এটা খুব ছোট মাঠ। আমার পিতামাতা এবং দাদা-দাদীরা এখানে থাকতেন আমার আগে। ক্রিকেট বল সবসময়ই উড়ে এসে ক্ষতি করেছে। বছর ধরে আমরা ছাদের টাইলস ভাঙা পেয়ে এসেছি, জানালা ভেঙে যাওয়া এবং এসব ধরনের ক্ষতি।'

স্বাভাবিকভাবেই ক্রিকেটাররা নতুন নিয়মে সন্তুষ্ট নন মোটেও। বাড়িতে বল পড়ার ব্যাপারে একজন ক্রিকেটার তো বলে দিয়েছেন, 'ক্রিকেট মাঠের পাশে আপনি ঘর কিনে থাকলে, আপনার আঙিনায় কিছু বল দেখবেন।' আরেকজন চরম বিরক্তিই প্রকাশ করেছেন এভাবে, 'কীভাবে আপনি ছক্কা মারা নিষিদ্ধ করতে পারেন? হাস্যকর। এটা আনন্দ কমিয়ে দেয়।'

তাদের ক্লাবের কোষাধ্যক্ষ মার্ক ব্রক্সাপকে অনেক কিছু হিসাব করতে হয় যদিও। অদ্ভুত নিয়মটি তৈরিতে জড়িয়ে থাকা এই কর্মকর্তা বলেছেন, 'অতীতে গাড়ি, ঘর, এমনকি ছাদের ক্ষতি হওয়ার কিছু ঘটনা ঘটেছে। আমরা ব্যয়বহুল বীমা পরিশোধ করতে চাই না। অথবা আমাদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়া হোক সেটা চাই না। এজন্য এটা করাই বুদ্ধিমান সিদ্ধান্ত মনে হয়েছে।'

# কোহলি-রোহিতের অবসরের সুযোগ নিতে হবে: জয়সুরিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি থেকে রোহিত শর্মা, বিরাট কোহলি ও রবীন্দ্র জাদেজার অবসর নেওয়ার সুবিধা আসন্ন সিরিজে পুরোপুরিভাবে শ্রীলঙ্কাকে নিতে হবে বলে মনে করেন দলের প্রধান কোচ সনাথ জয়সুরিয়া। টি-টোয়েন্টি বিশ্বকাপের পর তিন ক্রিকেটার অবসর নেওয়ায় সংক্ষিপ্ত ফরম্যাটে ভারত তাদের মিস করবে বলে জানান কিংবদন্তি এই ক্রিকেটার।

অবসরের কারণে রোহিত-কোহলি ও জাদেজাকে ছাড়াই আগামী শনিবার থেকে শ্রীলঙ্কার বিপক্ষে শুরু হতে যাওয়া তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলতে নামবে ভারত। তবে লঙ্কানদের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে খেলবেন রোহিত-কোহলিরা।

জয়সুরিয়া বলেন, রোহিত-কোহলি ও জাদেজার অনুপস্থিতিতে টি-টোয়েন্টি সিরিজে সর্বোচ্চ সুবিধা নিতে হবে শ্রীলঙ্কাকে।

ভারতের টি-টোয়েন্টি অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন সূর্যকুমার যাদব। তার ডেপুটি হিসেবে কাজ করবেন শুভমান গিল।

সাংবাদিকদের সাথে আলাপকালে জয়সুরিয়া বলেন, 'রোহিত এবং কোহলি বিশ্বের সেরা খেলোয়াড়। তাদের প্রতিভা এবং তারা যে ধরণের ক্রিকেট খেলেছে তা দেখে আমরা সবাই জানি জাদেজাসহ তারা কোথায় রয়েছে। তাদের অনুপস্থিতি ভারতীয় দলের জন্য বিশাল ক্ষতি এবং এক্ষেত্রে আমাদের সেখান থেকে সর্বোচ্চ সুবিধা নিতে হবে।'


ভারত বধের জন্য ইন্ডয়ান প্রিমিয়ার লিগের দল রাজস্থান রয়্যালসের হাই পারফরমেন্স ডিরেক্টর জুবিন ভারুচাকে দলে যুক্ত করেছে শ্রীলঙ্কা। জুবিনের অধীনে ছয়দিনের অনুশীলনও করেছে লঙ্কান ক্রিকেটাররা। এ ব্যাপারে জয়সুরিয়া বলেন, 'আমরা রাজস্থান রয়্যালস থেকে জুবিনকে পেয়েছি এবং যারা এলপিএল শেষ করেছে, তাদের নিয়ে আমাদের প্রায় ছয় দিনের অনুশীলন ছিল। আমি আশা করি খেলোয়াড়রা ভালোভাবে অনুশীলন করেছে এবং কৌশল সম্পর্কে জেনেছে। প্রস্তুতি ভালো হয়েছে এবং ক্যান্ডিতে টি-টোয়েন্টি শুরু হবার আগে আমাদের হাতে আরও দুই দিন বাকী আছে।'

তিনি আরও বলেন, 'লঙ্কা প্রিমিয়ার লিগ শেষ হওয়ার পর আমরা মাত্র মৌসুম শুরু করেছি। বেশিরভাগ খেলোয়াড় এলপিএলে খেলেছে। এজন্য তারা ক্রিকেট নিয়েই ব্যস্ত ছিলো। আমরা চাই তারা যত বেশি সম্ভব ক্রিকেট খেলুক।'

শ্রীলঙ্কার সাবেক অধিনায়ক জয়সুরিয়া আরও বলেন, 'আন্তর্জাতিক ক্রিকেটার হিসেবে নতুন কৌশল, নতুন পরিকল্পনা এবং নতুন শট শেখা গুরুত্বপূর্ণ।'

# প্যারিস অলিম্পিক ২০২৪

## ফিফার কাছে নালিশ করল আর্জেন্টিনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্যারিস অলিম্পিকে মরক্কোর বিপক্ষে 'বিষ্ময়কর' অভিজ্ঞতার সাক্ষি হয় আর্জেন্টিনা ফুটবল দল। খেলোয়াড়দের লক্ষ্য করে দর্শকদের মাঠে ঢুকে পড়া, বোতল-কাপ নিক্ষেপ, অনাকাঙ্ক্ষিত কাণ্ডে ড্রেসিংরুমে প্রায় দুই ঘণ্টার অপেক্ষা করা-এসব কিছু নিয়ে ফুটবলের নিয়ন্তা সংস্থা ফিফার কাছে নালিশ করেছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ)।

আসরের ফুটবল ইভেন্টে গত বুধবার মরক্কোর বিপক্ষে ২-১ গোলে হেরে যায় আর্জেন্টিনা। অথচ একটা সময় মনে হচ্ছিল ম্যাচটি শেষ হতে যাচ্ছে ২-২ সমতায়।

সাঁত এতিয়েনে 'বি' গ্রুপের ম্যাচে নির্ধারিত সময়ে আর্জেন্টিনা পিছিয়ে ছিল ২-১ গোলে। এরপর ইনজুটি টাইমের খেলা যোগ করা হয় ১৫ মিনিট। সেই সময়ও পেরিয়ে একদম শেষ বাঁশি বাজার ঠিক আগে সমতা টানেন আর্জেন্টাইন মিডফিল্ডার ক্রিস্তিয়ান মেদিনা। এরপরই শুরু হয় বিপত্তি। খেলোয়াড়দের লক্ষ্য করে কাপ, বোতল, ফ্লেয়ার নিক্ষেপ করতে থাকে সমর্থকরদের একটি অংশ। মরক্কোর জার্সি পরা অনেক সমর্থক মাঠেও ঢুকে যান।

অবস্থা খারাপ দেখে দুই দলের খেলোয়াড়রা চলে যান ড্রেসিংরুমে। প্রায় দুই ঘণ্টা পর খেলা শুরু হলে ভিএআর অফসাইডের জন্য মেদিনার গোল বাতিল করে। হেরে যায় আর্জেন্টিনা। ওই ঘটনার পর কোচ হাভিয়ের মাসচেরানো ক্ষোভ প্রকাশ করে বলেছিলেন, ফুটবলে এটি তার দেখা সবচেয়ে বড় সার্কাস। বিস্ময় প্রকাশ করেন লিওনেল মেসিও।

পরে ফিফার দ্বারস্থ হয়েছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন। একটি বিবৃতিতে সংস্থাটি এ ধরণের গুরুতর ঘটনার প্রেক্ষিতে 'প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার' কথাও বলেছে তারা।

"ফুটবলের মতো সুন্দর খেলাটির শান্তিপূর্ণ বিকাশের জন্য খেলোয়াড়দের নিরাপত্তা নিশ্চিত করা অপরিহার্য এবং এ জন্য আর্জেন্টিনা ফুটবল প্রয়োজনীয় সব পদক্ষেপই নেবে।"

অপ্রত্যাশিত কাণ্ডে নড়েচড়ে বসেছে আয়োজকরাও।

# অনুশীলন শুরু করেছেন নেইমার, মাঠে ফিরবেন কবে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কঠিন সময় পার করছেন নেইমার জুনিয়র। ইনজুরির কারণে গত বছরের অক্টোবর থেকে খেলার বাইরে তিনি। যা থেকে এখনও পুরোপুরি সেরে ওঠেননি, খেলতে পারেননি সর্বশেষ কোপা আমেরিকাও। ব্রাজিলও বিদায় নিয়েছিল কোয়ার্টার ফাইনালে হেরে। সম্প্রতি এই সেলেসাও সুপারস্টার পুরোদমে অনুশীলন শুরু করেছেন, এখন তার মাঠে নামার অপেক্ষা কেবল!

ফুটবলবিষয়ক ওয়েবসাইট গোল ডটকম বলছে, সব ঠিক থাকলে শিগগিরই তিনি দলীয় (আল-হিলালে) অনুশীলনে যোগ দেবেন। সামাজিক মাধ্যমে দেওয়া বেশকিছু ছবিতে ব্রাজিলিয়ান তারকাকে পুরোদমে অনুশীলন করতে দেখা গেছে। তার হাসিমুখ দেখে মনে হয়েছে, চোটের স্থানে (হাঁটুর লিগামেন্ট) কোনো ধরনের অস্বস্তি বোধ করছেন না।

ধারণা করা হচ্ছে, নেইমারের ম্যাচ ফিটনেস ফিরে পেতে সেপ্টেম্বর লেগে যাবে। এ সময়ের মধ্যে প্রাক-মৌসুম প্রস্তুতির তিনটি, সৌদি প্রো লিগের দু'টি ও সৌদি সুপার কাপের সেমিফাইনাল খেলবে আল-হিলাল। এই ছয় ম্যাচে নেইমারকে পাওয়ার সম্ভাবনা নেই। আগামী ১৩ সেপ্টেম্বর আল রিয়াদের বিপক্ষে সৌদি প্রো লিগের ম্যাচ দিয়ে খেলতে দেখা যেতে পারে বার্সেলোনা ও পিএসজির সাবেক এই তারকা ফরোয়ার্ডকে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR